



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ২৫৪

তারিখ : ২০/০৪/২০১৫খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- ৬৫৬/(০৩)/২০১৫বইক, তারিখ : ১৪/০৩/২০১৫খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৫/০৪/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বরিশাল ইসলামিয়া কলেজ, আমানতগঞ্জ, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতির মেয়াদ ০১/০৭/২০১৩ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত স্বীকৃতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত কার্যাবলী পরিচালনা থেকে বিরত থাকবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা ও ইংরেজি (আবশ্যিক বিষয়)
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলাম শিক্ষা, সমাজ বিজ্ঞান এবং ভূগোল
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
গ) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত
গ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী পাঠ্যক্রম থেকে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করা সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। বিজ্ঞান শাখার জন্য আলাদা ল্যাব তৈরি ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২০.০৪.২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

বরিশাল ইসলামিয়া কলেজ
আমানতগঞ্জ, বরিশাল

অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৪। সংরক্ষণ নথি